# সংবিধান সংস্কার সংক্রান্ত জাতীয় জনমত জরিপ

## (National Public Opinion Survey on Constitutional Reform)

**পটভূমি:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জনপ্রতিনিধিত্বশীল ও কার্যকর গণতন্ত্র প্রতিষ্ঠা ও জনগণের ক্ষমতায়নের উদ্দেশ্যে দেশের বিদ্যমান সংবিধান পর্যালোচনা ও মূল্যায়ন করে সংবিধান সংস্কারের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশসহ প্রতিবেদন প্রস্তুত করতে একটি "সংবিধান সংস্কার কমিশন" গঠন করা হয়েছে। সংবিধান সংস্কার সংক্রান্ত রাষ্ট্রীয় অতি গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে নাগরিকদের মতামত গ্রহণ করার লক্ষ্যে উক্ত কমিশনের অনুরোধে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক ০৫-১০ ডিসেম্বর ২০২৪ খ্রি. 'সংবিধান সংস্কার সংক্রান্ত জাতীয় জনমত জরিপ (National Public Opinion Survey on Constitutional Reform)' পরিচালনা করা হবে।

**জরিপের উদ্দেশ্য:**

- সংবিধান সংস্কারের সুপারিশ তৈরির লক্ষ্যে সাধারণ নাগরিকদের মতামত গ্রহণের উদ্দেশ্যে জরিপ পরিচালনা করা;
- বৈজ্ঞানিকভাবে স্বীকৃত পরিসংখ্যানিক পদ্ধতির মাধ্যমে সমগ্র দেশ হতে প্রতিনিধিত্বশীল জন-আকাঙ্খা চিহ্নিত করে সংবিধানের সামগ্রিক সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন, পুনর্বিন্যাস ও পুনর্লিখন করার বিষয়ে মতামত সংগ্রহ করা এবং
- সংবিধান সংস্কারের সুপারিশ তৈরীর লক্ষ্যে জরিপের ফলাফল হতে প্রাপ্ত জনমত সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নপূর্বক কমিশনকে প্রদান।

**জরিপের আওতা:** দেশের ৬৪ জেলার প্রতিটি জেলা হতে পরিসংখ্যানিক পদ্ধতিতে ৩৬টি করে মোট ২৩০৪টি নমুনা এলাকা বা Primary Sampling Unit (PSU) দৈবচয়ন পদ্ধতিতে নির্ধারণ করা হয়েছে। প্রতিটি নমুনা এলাকা বা PSU হতে নমুনায়ন পদ্ধতিতে নির্বাচিত ২০টি খানায় তথ্য সংগ্রহ করা হবে। নির্বাচিত প্রতিটি খানা হতে ১৮-৭৫ বছর বয়সী সকল সদস্যের মধ্য থেকে Kish Selection of H.H member পদ্ধতিতে নির্বাচিত একজনের নিকট হতে জরিপের তথ্য সংগ্রহ করা হবে।

## ০৫-১০ ডিসেম্বর ২০২৪ খ্রি.

**মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ পদ্ধতি:**

Computer Assisted Personal Interviewing (CAPI) Technology ব্যবহার করে Face to Face Interview পদ্ধতিতে নির্ধারিত প্রশ্নপত্রের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে

**প্রয়োজনে যোগাযোগ:**

| | | | |
|---|---|---|---|
| জনাব মো: আরিফুল ইসলাম<br>যুগ্মপরিচালক, ঢাকা বিভাগ<br>০১৭১২৬৪২০২৬ | জনাব মোহাম্মদ ওয়াহিদুর রহমান<br>যুগ্মপরিচালক (অ.দা), চট্টগ্রাম বিভাগ<br>০১৯১১৫৮৩৪৭৫ | জনাব মোঃ আক্তার হোসেন<br>যুগ্মপরিচালক, খুলনা বিভাগ<br>০১৭১০১৯৮১৯৩ | জনাব মোঃ আব্দুল হালিম<br>যুগ্মপরিচালক, রাজশাহী বিভাগ<br>০১৭১৭২৫০৫৪৯ |
| জনাব মোঃ শহীদুল ইসলাম<br>যুগ্মপরিচালক, বরিশাল বিভাগ<br>০১৭৮৯৪২৩৪৮৩ | জনাব মোঃ শফিকুল ইসলাম<br>যুগ্মপরিচালক, রংপুর বিভাগ<br>০১৭১১১১০৬৫০ | জনাব মোঃ সাহাবুদ্দীন সরকার<br>যুগ্মপরিচালক, সিলেট বিভাগ<br>০১৭১১৭৩৬৯০৮ | জনাব মো: মাহমুদুজ্জামান<br>যুগ্মপরিচালক, ময়মনসিংহ বিভাগ<br>০১৭২০৪৩৩৪২৩ |

প্রচারে: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
ওয়েবসাইট: www.bbs.gov.bd, ই-মেইল: dg@bbs.gov.bd, ফোন: ০২-৫৫০০৭০৫৬